

দোহাই তোমায়

অমন আহত চোখে তাকিওনা,
সবুজ পান্নারাও,
পাডুর, রক্তশূন্য বুকো
রেখেছে কত ওম।

রাত্রিধস্ত কতো বকুল
দুরন্ত আকাশের মুত্তিবেগে
ছড়িয়েছে বেদনার নির্যাস,
এই সব ভয়াবহ ভার,
মেপোনা ল্যাবোরেটোরির তুলাযন্ত্রে।
শিমূল দেখে দোহাই তোমায়,
কবি হতে চেয়ো না,
ও শিমূল লজ্জায় আরো বেশী রাঙা হবে।

দোহাই তোমায়,
মানুষের অধিকারকে লংঘন কোরো না।

মহয়া মল্লিক রায়